

**বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার
কার্যবিবরণীঃ**

সভাপতি : মোঃ সেলিম রেজা

ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর।

স্থান : ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর-এর কার্যালয়
ঝিকরগাছা, যশোর।


তারিখ : ৩১/০৮/২০২১ইং সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট ক

ক্রমিক নং	আলোচ্যবিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সভায় ভোক্তা অধিকার সংরক্ষন আইন -২০০৯ এর আলোকে ঝিকরগাছা বাজারের অবস্থান সম্পর্কে আলোচনা করা হয়। বাজার দর নিয়ন্ত্রন ও ভেজাল মুক্ত খাদ্যদ্রব্য বাজারজাতকরন প্রতিরোধে এ কমিটি কাজ করবে। সভায় বাজারে জনসাধারণ তাদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য সঠিক দামে কিনতে পারছে কিনা সেবিষয়ে আলোচনা হয়।। প্রত্যেক নাগরিকের ভোগ্যপন্য ব্যবহারের অধিকার আছে। এজন্য মুদি দোকান, মিষ্টির দোকান সহ অন্যান্য দোকানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা টানানোর উপর গুরুত্ব আরোপ করা হয়। ইতি পূর্বে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহন করা হয়েছে কিনা সে বিষয়ে আলোচনা হয়।	সভায় কমিটির সদস্যদের নিয়ে ঝিকরগাছা বাজার পরিদর্শনের সিদ্ধান্ত গৃহিত হয়। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা টানানোর জন্য বাজার কমিটির সভাপতি/সাধারণ সম্পাদককে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানানোর সিদ্ধান্ত হয়।	বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি।
২.	<u>ন্যায্যমূল্য ও সঠিক ওজন প্রাপ্তি নিশ্চিতকরণ</u> জনগন ন্যায্য মূল্যে বাজার থেকে জিনিষ কিনতে পারে এবং ক্রয়কৃত দ্রব্যের ওজন সঠিক হয় সে বিষয় সম্পর্কে আলোচনা হয়।	সভায় ভোক্তা অধিকার সম্পর্কে সকল ব্যবসায়ী সমিতিব সভাপতি/সেক্রেটারিকে চিঠি দিয়ে জানানোর সিদ্ধান্ত হয়। সকল বিক্রেতাকে ডিজিটাল ওয়েট মেশিন ব্যবহারের অনুরোধ জানানো সিদ্ধান্ত গৃহিত হয়।	বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি
৩.	ক্ষতিকর রাসায়নিক দ্রব্য মিশ্রিত কাচা ফল ও সবজি বিক্রয় স্বাস্থ্য ঝুঁকি কমানোর লক্ষ্যে রাজারে ক্ষতিকর রাসায়নিক দ্রব্য মিশ্রিত কাচা ফল ও সবজি বিক্রয় না হয় সে বিষয়ে আলোচনা হয়।	প্রথমিক পর্যায়ে বিক্রেতাদের ক্ষতিকর রাসায়নিক দ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার সিদ্ধান্ত হয়। বার্থতায় পরবর্তীতে নিবাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত হয়।	বাজার মূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

8	মাছ এবং মাংস বিক্রেতাদের বিক্রয় স্থল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ,নিয়মিত জীবানুনাশক প্রয়োগ এবং মাছ ও মাংস প্রক্রিয়াজাতকরণের সময় হাতে মুখে হাইজিনিক কিট ব্যবহারের উপর আলোচনা হয়।	মাছ এবং মাংস বিক্রেতাদের বিক্রয় স্থল পরিষ্কার রাখার জন্য নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে নিবাহী ম্যাজিস্ট্রেট- এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত হয়।	বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
---	---	--	---

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণাকরেন।



মোঃ সেলিম রেজা

ভাইস চেয়ারম্যান

ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর

ও

সভাপতি

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি

স্মারক নং- ৩৩.০১.৪১৩৮.০০০.১৬.০০১.১৯- ২৮৬

তারিখঃ-৩১/০৮/২০২১ইং

সদয় অবগতি জন্য প্রেরিত হলো

১. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
২. উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
৩. অফিস কপি।



ডাঃ জি.এম.আব্দুল কুদ্দুস

উপজেলা প্রাণিসম্পদ অফিসার

ঝিকরগাছা, যশোর।

ও

সদস্য সচিব

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন
কমিটি